

# যুগান্ত

প্রিন্ট: ১৩ জুলাই ২০২৫, ১১:১৯ এএম

## শিক্ষার্থী

# ভিকারুন্নিসা মুন স্কুল এন্ড কলেজ



যুগান্ত প্রতিবেদন

প্রকাশ: ১০ জুলাই ২০২৫, ০৮:০৩ পিএম



ছবি: সংগৃহীত

এসএসসি ও সমমানের পরীক্ষায় ভিকারুননিসা নুন স্কুল অ্যান্ড কলেজে পাশের হার ৯৭ দশমিক ৪০ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৩২৬ জন। বৃহস্পতিবার (১০ জুলাই) ভিকারুননিসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাজেদা বেগম এই তথ্য জানান।

তিনি জানান, এবার ভিকারুননিসায় মোট পরীক্ষার্থী ছিল ২ হাজার ১২০ জন, এর মধ্যে পরীক্ষায় অংশ নেয় ২ হাজার ১১৬ জন। পাশ করেছে ২ হাজার ৬১ জন শিক্ষার্থী, অকৃতকার্য হয়েছে ৫৫ জন।

বিজ্ঞান বিভাগে পাশ করেছে ১ হাজার ৮৩৮ জন, ফেল করেছে ৩৭ জন। মানবিক বিভাগে পাশ করছে ৪১ জন, ফেল করেছে ৮ জন। ব্যবসায় শিক্ষায় পাশ করেছে ১৮২ জন, ফেল করেছে ১০ জন।

এবার সারা দেশে পাসের হার ও জিপিএ-৫ দুটিই কমেছে। পাশের হার ৬৮ দশমিক ৪৫ এবং জিপিএ ফাইভ ১ লাখ ৩৯ হাজার ৩২ জন।

গত বছর পাশের হার ছিল ৮৩ দশমিক শুন্য ৩ শতাংশ। আর জিপিএ ফাইভ পেয়েছিল এক লাখ ৮২ হাজার ১২৯ জন।

### জিপিএ ৫ ও পাশের হার দুটোই কমেছে

উল্লেখ্য, গত ১০ এপ্রিল ২০২৫ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় নিয়মিত-অনিয়মিত মিলিয়ে মোট পরীক্ষার্থী ছিল ১৯ লাখ ২৮ হাজার ৯৭০ জন। এরমধ্যে ছাত্রী ৯ লাখ ৬৭ হাজার ৭৩৯ জন এবং ছাত্র ৯ লাখ ৬১ হাজার ২৩১ জন।

২০২৪ সালের তুলনায় এবার প্রায় এক লাখ পরীক্ষার্থী কম ছিল।